

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৯/২০১৫

অভিযোগকারী : আলহাজ্ব মোঃ মোবারক উল্যা

পিতা-মৃত লকিয়ত উল্যা পাটোয়ারী
ফ্ল্যাট নং-৩/সি, ভবন নং-০৬
রোড নং-০২, চেয়ারম্যানবাড়ী
বনানী, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব খন্দকার মনোয়ার মোর্শেদ

সিনিয়র সহকারী সচিব

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২২-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী আলহাজ্ব মোঃ মোবারক উল্যা ০৯-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- Peacy Park Homes Ltd নামীয় প্রতিষ্ঠান কর্তৃক মৌজা কাওরান বাজার সিএস দাগ নং ৩২ (অংশ) মিউনিসিপ্যাল হোল্ডিং নং-২০/২১, গার্ডেন রোড, পশ্চিম কাওরান বাজার, তেজগাঁও এর উপর অবৈধভাবে বহুতল ভবন নির্মাণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত অভিযোগকারীর ০৬-০৩-২০১৩ ইং ও সর্বশেষ ২২-০৯-২০১৩ ইং তারিখের দাখিলি দরখাস্তের প্রার্থনা অনুযায়ী সরকার তথা পূর্ত মন্ত্রণালয় হতে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদির সত্যায়িত আলোকলিপি এবং এ সংক্রান্ত রাজউক এর প্রতিবেদনের সত্যায়িত আলোকলিপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৬-১০-২০১৪ তারিখে সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ১২-১২-২০১৪ তারিখে ২৫.০১৫.০০১.০২.০২.০৩০. ২০০৬-৭৬৭ নং স্মারকের মাধ্যমে জনাব খন্দকার মনোয়ার মোর্শেদ, সিনিয়র সহকারী সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন শাখা-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা অভিযোগকারীর আপীল আবেদনটি খারিজ করা হয়েছে জানিয়ে রাজউকের চেয়ারম্যান বরাবরে আপীল আবেদন করার নির্দেশনা প্রদান করেন। যাচিত তথ্য প্রদানের পরিবর্তে ভ্রমাত্মক সিদ্ধান্ত প্রদানের কারণে অভিযোগকারী ০১-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী আলহাজ্ব মোঃ মোবারক উল্যা হাজির। প্রতিপক্ষ জনাব খন্দকার মনোয়ার মোর্শেদ, সিনিয়র সহকারী সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর তথ্য প্রদানের পরিবর্তে ভ্রমাত্মক সিদ্ধান্ত প্রদানের কারণে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: পূ: দ্র:)

০৫। প্রতিপক্ষ সিনিয়র সহকারী সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, আবেদনকারীকে তথ্য প্রাপ্তির আবেদন দাখিলের পর তাকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ দেয়া হয়েছে। তথ্য অধিকার আইন বিষয়ে সঠিক ধারণা না থাকায় অভিযোগকারীকে রাজউকের চেয়ারম্যান বরাবরে আপীল আবেদন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে তথ্য না থাকায় সংশ্লিষ্ট দপ্তরে (রাজউক) তথ্য সরবরাহের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট দপ্তর হতে তথ্য প্রদান না করায় অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। রাজউক হতে তথ্য সংগ্রহপূর্বক কমিশনের নির্দেশনা অনুযায়ী তা অভিযোগকারীকে সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে তথ্য না থাকায় রাজউককে পত্র প্রেরণ করেছেন। কিন্তু উক্ত দপ্তর হতে তথ্য প্রদান না করায় অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর হতে সংগ্রহপূর্বক অভিযোগকারীকে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে রাজউক হতে অভিযোগকারীর যাচিত তথ্য সংগ্রহপূর্বক তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে পরবর্তী ১০ (দশ) কার্যদিবস বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সিনিয়র সহকারী সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার